



**NYC জাতিগত ন্যায়বিচার কমিশন**  
**প্রকাশ্য সভা**  
**বুধবার, 26 অক্টোবর 2022 সকাল 10:00টা**

### **প্রকাশ্য সভার বিজ্ঞপ্তি**

নিউ ইয়র্ক সিটি জাতিগত ন্যায়বিচার কমিশন (New York City Racial Justice Commission) বুধবার, 26 অক্টোবর, 2022, সকাল 10:00 টায় একটি প্রকাশ্য সভা আয়োজন করবে। কমিশনার এবং কর্মীরা তিনটি জাতিগত ন্যায়বিচার ব্যালট প্রশ্ন নিয়ে আলোচনা করবেন, যা নিউ ইয়র্কবাসীদের প্রশ্ন সম্পর্কে শিক্ষিত করার এবং ভোটারদের উপস্থিতিকে উৎসাহিত করার অভিপ্রায়ে ৪ ই নভেম্বরের ব্যালটে প্রতীয়মান হবে।

সভাটি নিম্নলিখিত বাস্তবিক ঠিকানায় সশরীরে আয়োজন করা হবে:

City Hall Park  
সভার স্থান: Jacob Wrey Mould Fountain  
43 Park Row  
New York, NY 10038

সভাটি নিচের ইন্টারনেট অ্যাড্রেসে লাইভস্ট্রিম করা হবে:

- Zoom-এ ভিডিও কনফারেন্স: <https://us02web.zoom.us/j/87892081518>
- ডায়াল করুন: +1 646 558 8656 এবং ওয়েবিনার ID লিখুন: 878 9208 1518
- এখানে লাইভস্ট্রিম উপলব্ধ: [on.nyc.gov/racialjusticemeeting](https://on.nyc.gov/racialjusticemeeting)

**এই সভাটি জনগণের জন্য উন্মুক্ত।** জনগণ কমিশনের আলোচনাগুলি পর্যবেক্ষণ করার সুযোগ পাবে, তবে তার সামনে সাক্ষ্য দিতে পারবে না।

### **মিটিংটি পর্যবেক্ষণ করার জন্য আমার সহায়তা প্রয়োজন হলে কী হবে?**

আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ-এ অনুবাদের পরিষেবা দেওয়া হবে। জনসাধারণ 24 অক্টোবর, 2022 তারিখে সকাল 10:00 টার মধ্যে কমিশনকে [racialjustice@charter.nyc.gov](mailto:racialjustice@charter.nyc.gov) এ ইমেল করে বা (718) 354-1918 নম্বরে কল করে ভয়েসমেলে একটি মেসেজ রেখে, অতিরিক্ত ভাষায় অনুবাদের পরিষেবার অনুরোধ করতে পারেন এবং/অথবা অ্যাক্সেসিবিলিটি সংক্রান্ত অন্যান্য



অনুরোধ করতে পারেন সম্ভাব্য ভার্চুয়াল স্বাচ্ছন্দ্যবিধানের মধ্যে অন্তর্ভুক্ত হল লাইভ ক্যাপশন, অডিও বর্ণনা (যদি প্রযোজ্য হয়) এবং প্রবেশস্বাধ্য ইলেকট্রনিক ডকুমেন্ট/PowerPoint। সমস্ত অনুরোধ সম্ভাব্য সীমা পর্যন্ত গ্রহণ করা হবে।

## জাতিগত ন্যায়বিচার কমিশন সম্পর্কে

নিউ ইয়র্ক সিটি চার্টারে (New York City Charter) সিটি প্রশাসনের কাঠামো এবং সিটির নির্বাচিত কর্মকর্তা ও এজেন্সিগুলির প্রধান ক্ষমতাগুলি প্রদান করা হয়। জাতিগত ন্যায়বিচার কমিশনকে একটি চার্টার সংশোধন কমিশনের কর্তৃত্ব সহ ক্ষমতা প্রদান করা হয়েছে, এটি একটি অস্থায়ী কমিশন যা পুরো চার্টারটি পর্যালোচনা করে এবং এর সংশোধনীগুলি ভোটারদের সামনে রাখে। জাতিগত ন্যায়বিচার কমিশনকে অন্যান্য প্রস্তাবিত নীতি ও কর্মসূচিগত পরিবর্তনগুলিও সুপারিশ করার জন্য ক্ষমতা প্রদান করা হয়েছে, যেগুলি তার সংশোধনের প্রস্তাবগুলিতে অন্তর্ভুক্ত নয়। এই কাজটি প্রয়োজনীয়, কারণ পদ্ধতিগত বর্ণবাদ আমাদের বাস্তবতাকে রূপ দিয়েছে এবং তা অব্যাহত আছে।

জাতিগত ন্যায়বিচার কমিশন ইতিহাসের এই মুহূর্তের রূপান্তরমূলক সম্ভাবনাকে ক্রায়ত্ত্ব করেছে এবং 2021 সালের ডিসেম্বরে, জাতিগত ন্যায়বিচার এবং সমতাকে এগিয়ে নেওয়ার উদ্দেশ্যে এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য কাঠামোগত বর্ণবাদকে ভেঙে ফেলার উদ্দেশ্যে কাঠামোগত পরিবর্তন এবং গুরুত্বপূর্ণ নীতি সংস্কারগুলিকে অন্তর্ভুক্ত করে ব্যালট ব্যবস্থা প্রস্তাব করেছে। এটিকে এখন 2022 সালের নভেম্বরের নির্বাচনের আগে এই প্রস্তাবগুলি সম্পর্কে ভোটারদের শিক্ষিত করার দায়িত্ব দেওয়া হয়েছে।